



আমার মা সুপারহিরো

“হেরিলে মায়ের মুখ, দূরে যায় সব দুখ”

টেলিভিশনে করোনা আক্রান্তের ভারাক্রান্ত খবর। সঙ্গে মুখ বাঁধা ডাক্তার, নার্স, স্বাস্থ্য কর্মীদের দাঁত চেপে লড়াই। কিন্তু বাড়িতে? তোমাকে ঘুম থেকে উঠিয়ে, অনলাইন ক্লাসের জন্য তৈরি করে, সবার রান্না, ঘর দোর পরিষ্কার থেকে তোমাকে ভাত বেড়ে দেওয়া। সঙ্গে দাদু দিদার সেবা। মাঝখানে বা সারাক্ষণ তাঁর নিজের অফিসের কাজ। তবু রাত্তিরে ঘুমোতে যাওয়ার সময় তোমার কপালে রাখা হাতটাও কি মায়েরই থাকে? তিনি তোমার মা হতে পারেন বা মায়ের মতো যে কেউ। ডাক্তারবাবুরা যেমন সিরিঞ্জ আর ওষুধ হাতে লড়েন, সেনারা দেশ পাহারা দেন অস্ত্র হাতে, মায়েরাও বারোমাস এভাবেই লড়েন অসম্ভব মনের জোর আর তোমাকে আমাকে বাড়ি সুন্দর লোককে বাঁচিয়ে রাখার তাগিদে।

আজ মাদার্স ডে। মায়ের দিন। সময় এসেছে, এমন করোনা যুদ্ধের দিনে, তাঁকে একটা ধন্যবাদ দাও। আর তোমার মা-কে ধন্যবাদ দেওয়ার সেই ভিডিও মেসেজ ১২ মে-এর মধ্যে পাঠিয়ে দাও পশ্চিমবঙ্গ শিশু অধিকার সুরক্ষা আয়োগে। শুধু তোমার বয়স যেন হয় ১৮ বছরের নীচে। আয়োগের ওয়েবসাইট, ফেসবুক পেজ ও ইউটিউব-এ প্রদর্শিত হবে তোমার ধন্যবাদ বার্তা।

এইভাবে পাঠিও।

আমার মা সুপারহিরো

নামঃ

বয়সঃ

জেলাঃ

পাঠানোর শেষ তারিখঃ ১২ই মে, ২০২০

ঠিকানাঃ goromerchhuti.wbscpcr@gmail.com